দৈনিক ইত্তেফাক

তারিখ ...........................
পৃষ্ঠা ২ কলাম ১......

20 2002

# ফেঞ্চুগঞ্জে স্কুল ও মাদ্রাসার পাঁচ ছাত্র রহস্যজনক নিখোঁজ

সিলেট অফিস ॥ গত শুক্রবার থেকে ফেঞ্চুগঞ্জে স্কুল ও মাদ্রাসার ৫ জন ছাত্র নিখোঁজ রয়েছে। এ নিয়ে গোটা উপজেলায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

নিখোঁজ ৫ জনের মধ্যে ৩ জন কাসিম আলী উচ্চ বিদ্যালয়ের ছাত্র। এরা হচ্ছে ৮ম শ্রেণীর ছাত্র জিয়াউর রহমান রিকন, ৯ম শ্রেণীর ছাত্র আহসানুল করিম ও ৮ম শ্রেণীর ছাত্র রাজু আহমদ। বাকিরা হচ্ছে মোহাম্মদিয়া মাদ্রাসার ৯ম শ্রেণীর ছাত্র বুরহান উদ্দিন ও মোঃ রেহান উদ্দিন। তাদের সবার বাড়ি উপজেলা সদরের রাজনপুর গ্রামে। নিখোঁজ

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## ফেঞ্চুগঞ্জে স্কুল

(প্রথম পৃঃ পর)

হওয়ার তিনদিন পর গত রবিবার এই ৫ জন ছাত্রের নিখোঁজের ব্যাপারে ফেঞ্চুগঞ্জ থানায় এলাকাবাসীর পক্ষ থেকে একটি জিডি করা হয়েছে। পুলিশ জানায়, ওই ছাত্ররা গত শুক্রবার জুমার নামাজে যাওয়ার পর আর বাড়ি ফেরেনি। তাদের নিখোঁজ হওয়ার বিষয়টি রহস্যজনক। অভিভাবকরা সম্ভাব্য সব জায়গায় খোঁজ করে পাননি। এ নিখোঁজের ঘটনায় সংশ্লিষ্টদের অভিভাবকরা ছাড়াও এলাকাবাসী উদ্বিগ্ন। নিখোঁজ ছাত্রদের অনুসন্ধান ও উদ্ধারের ব্যাপারে ফেঞ্চুগঞ্জ থানা পুলিশ জোর চেষ্টা চালিয়ে যাচ্ছে।